# SAGAR MAHAVIDYALAYA

## Department of Bengali

## Course Object and Programme Outcomes
## CBCS Syllabus, 2020-21

## Sagar
## South 24 Parganas, West Bengal

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

# Honours Course

## সেমিস্টার – ১

### CC-1 : বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)

অবজেক্টিভ : বাংলা ভাষা ও সাহিত্যের উন্মেষের সময়কাল থেকে শুরু করে ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত বাংলা সাহিত্যের একাধিক ধারার সাথে পরিচিতি ঘটানোই এই পাঠের উদ্দেশ্য ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে বাংলা সাহিত্যের যুগবিভাগ থেকে শুরু করে চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, অনুবাদ সাহিত্য, চরিত সাহিত্য, মঙ্গলকাব্য ও বৈষ্ণব-শাক্ত পদাবলী সম্পর্কে সম্যক ধারণা পাবে ।

### CC-2 : বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

অবজেক্টিভ : বাংলা ভাষা ও সাহিত্যে ভাষাতত্ত্ব ও শব্দতত্ত্ব গুরুত্বপূর্ণ একটি ধারা । তাই এই ধারার সাথে ছাত্র-ছাত্রীদের পরিচিতি ঘটানোই এই পাঠের মূল উদ্দেশ্য ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে ধ্বনি, বর্ণ, অক্ষর, বচন, লিঙ্গ, পুরুষ, সমাস, কারক, প্রত্যয়, শব্দ বিবর্তন, শব্দার্থ পরিবর্তন সম্পর্কে সম্যক ধারণা পাবে ।

### AECC (অনার্স ও জেনারেল সমস্ত ছাত্র-ছাত্রীদের জন্য)

অবজেক্টিভ : সাহিত্য ও সমাজের একাধিক বিষয়ের সাথে পরিচিতি ঘটানোই এই পাঠের উদ্দেশ্য ।

আউটকাম : এর ফলে শিক্ষার্থীরা সাহিত্য পাঠের মধ্য দিয়ে সমাজ সচেতনতার পাঠ প্রাপ্ত হবে ।

## সেমিস্টার – ২

### CC-3 : বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)

অবজেক্টিভ : ঔপনিবেশিক আধুনিকতার সংস্পর্শে এসে বাঙালীর চিন্তা-চেতনা, জীবনধারার পাশাপাশি সাহিত্যের আঙিনায় যে আধুনিকতার পদসঞ্চার ঘটেছিল, তার সাথে শিক্ষার্থীদের পরিচিতি ঘটানোই এই পাঠের উদ্দেশ্য ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে উনিশ শতকের বাংলা সাহিত্যে কাব্য-কবিতা, নাটক-প্রহসন, কথাসাহিত্য, গদ্য-প্রবন্ধ এমনকি সাময়িক পত্র-পত্রিকা সম্পর্কে সম্যক ধারণা পাবে ।

### CC-4 : বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ

অবজেক্টিভ : বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জনের পর এখানে শিক্ষার্থীরা সাহিত্যের রসাস্বাদনের সুযোগ পাবে । সাহিত্যের পাঠকে যতটা সম্ভব আনন্দদায়ক করে তোলাই এক্ষেত্রে লক্ষ্য ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে চর্যাপদের কবিতা থেকে শুরু করে একেবারে সাম্প্রতিক সময়ের কবিতা, কথাসাহিত্য, নাটক ও গদ্য-প্রবন্ধ সম্পর্কে সম্যক ধারণা পাবে ।

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

## সেমিস্টার – ৩

### CC-5 : বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক)

অবজেক্টিভ : এই কোর্সের মাধ্যমে বিশ শতকের বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি এবং জ্ঞানার্জন করবে পড়ুয়ারা।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে বিশ শতকের বাংলা সাহিত্যে কাব্য-কবিতা, নাটক, কথাসাহিত্য, গদ্য-প্রবন্ধ এমনকি সাময়িক পত্র-পত্রিকা সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে ।

### CC-6 : ঐতিহাসিক ভাষাবিজ্ঞান

অবজেক্টিভ : প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষা হিসেবে বাংলা ভাষার উদ্ভব ও বিকাশের প্রতিটি পর্যায়ের সাহিত্যিক নিদর্শনের সহায়তায় সেই সেই পর্যায়ের ভাষাগত বৈশিষ্ট্য সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা দেওয়া।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে ভাষাপরিবার, প্রাচীন বাংলা ভাষা, আদি-মধ্য, অন্ত্য-মধ্য ও আধুনিক বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণ সম্পর্কে সম্যক ধারণা করতে পারবে ।

### CC-7 : কথাসাহিত্য

অবজেক্টিভ : আধুনিক সময়ের জটিলতা, ব্যষ্টি ও সমষ্টির দ্বন্দ্ব, বাঙালির পারিবারিক জীবনে নারীর অবস্থান, পরিবেশ সম্পর্কিত ভাবনা এবং মানুষের লড়াই-সংগ্রামের নানা প্রবণতাকে পড়ুয়াদের চেনানোর চেষ্টা করা হবে এই কোর্সের মাধ্যমে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, মানিক, মহাশ্বেতা দেবীর উপন্যাস এবং রবীন্দ্রনাথের পাশাপাশি আধুনিক কালের একাধিক গল্পকারের ছোটগল্প সম্পর্কে সম্যক ধারণা করতে পারবে ।

### SEC-1,2,3&4 : মুদ্রণ ও প্রকাশনা, ব্যবহারিক বাংলা, গবেষণা পদ্ধতি

অবজেক্টিভ : এই কোর্সের মাধ্যমে মূলত, শিক্ষার্থীরা মুদ্রণ ও প্রকাশন, আবৃত্তি, সিনেমা-সিরিয়াল, গবেষণার রীতি ও নির্মাণ পদ্ধতির সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন করতে পারবে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে অনেকেই পরবর্তীকালে পেশা হিসেবে সাংবাদিকতা, আবৃত্তিকার, অভিনেতা ও প্রকাশনার জগতে প্রবেশ করতে পারবে ।

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

## সেমিস্টার – ৪

### CC-8 : প্রাগাধুনিক সাহিত্য

অবজেক্টিভ : এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্যের রসাস্বাদনের পাশাপাশি যাতে বাঙালির সমাজ ও ধর্ম-সংস্কৃতির বিবর্তনের গতিরেখাটিকেও অনুধাবন করতে পারে সেদিকে লক্ষ্য রাখা হয়েছে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে বৈষ্ণব পদাবলী, চণ্ডীমঙ্গল ও শাক্ত পদাবলীর নানান পদ সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে পারবে ।

### CC-9 : ছন্দ, অলঙ্কার ও কাব্যতত্ত্ব

অবজেক্টিভ : সাহিত্যের শিক্ষার্থীদের ছন্দ, অলঙ্কার ও কাব্যতত্ত্ব বিষয়ে তত্ত্বজ্ঞান থাকা প্রয়োজন। এই কোর্স শিক্ষার্থীদের কাব্য-কবিতা পাঠকে গভীরতর করবে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে বাংলা ছন্দের ধারা, অলঙ্কার ও কাব্যতত্ত্ব সম্পর্কে সামগ্রিক ধারণা অর্জন করতে পারবে ।

### CC-10 : প্রবন্ধ ও বিবিধ রচনা

অবজেক্টিভ : বাংলা প্রবন্ধে দার্শনিকতা বা চিন্তার প্রসার ঘটেছে উনিশ শতকের মধ্যভাগ থেকেই । সমাজ, রাষ্ট্র, শিক্ষা, বিজ্ঞান, ভাষা, সাহিত্য, ধর্ম, দর্শন—নানা বিষয়েই বাঙালি চিন্তকগণ প্রবন্ধের মাধ্যমে তাঁদের ভাবনাকে ব্যক্ত করেছেন । এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা সমাজ ও সাহিত্য সম্পর্কিত বিচিত্র বিষয়ে সমৃদ্ধ হতে পারবে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে উনিশ শতক থেকে সাম্প্রতিক সময়ের প্রাবন্ধিকদের পাশাপাশি রবীন্দ্রনাথের ছিন্নপত্রে বিশ্ববোধের এক অনন্য রূপ সম্পর্কে সম্যক ধারণা করতে পারবে ।

## সেমিস্টার – ৫

### CC-11 : সাহিত্যের রূপ ও রীতি

অবজেক্টিভ : সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে এই কোর্সে ধারণা প্রদান করা হবে । সাহিত্যের বিভিন্ন সংরূপের রূপ ও আঙ্গিক সম্পর্কে জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষার্থীরা সাহিত্যের বিবর্তন সম্পর্কেও ধারণা লাভ করতে পারবে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে সাহিত্যের বিভিন্ন সংরূপের রূপ ও আঙ্গিক সম্পর্কে জ্ঞানার্জনের ফলে সহজেই যেকোনো সাহিত্য পড়ে তার শ্রেণী নির্ণয় করতে পারবে ।

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

## CC-12 : নাটক ও নাট্যমঞ্চ

অবজেক্টিভ : নাট্যমঞ্চ ও নাটকের বিকাশ পরস্পরের সাপেক্ষ ও পরিপূরক । সামাজিক বাস্তবতার দর্পণ হিসেবে নাট্যসাহিত্য পাঠের পাশাপাশি পড়ুয়ারা নাট্যমঞ্চের বিকাশকেও বিবেচনার মধ্যে রাখবে এই উদ্দেশ্যে কোর্সটি করা হয়েছে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে একাধিক নাট্যকারের নাটক সম্পর্কে অবহিত হওয়ার পাশাপাশি রঙ্গমঞ্চের ইতিহাস সম্পর্কেও সম্যক ধারণা পাবে ।

## DSE-1 To 8 : বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস, বাংলাদেশের সাহিত্য, বাংলা গোয়েন্দা সাহিত্য, তুলনামূলক সাহিত্য, বাংলা শিশু- কিশোর সাহিত্য, দেশভাগ ও বাংলা সাহিত্য, চরিত ও ভ্রমণ সাহিত্য এবং লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

অবজেক্টিভ : বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস, বাংলাদেশের সাহিত্য, শিশু-কিশোর সাহিত্য, গোয়েন্দা সাহিত্য, তুলনামূলক সাহিত্য, দেশভাগ ও বাংলা সাহিত্য, চরিত ও ভ্রমণ সাহিত্য, লোকসংস্কৃতি ও লোকসাহিত্য সম্পর্কে সামগ্রিক জ্ঞানদানের জন্য এই কোর্সটি তৈরি করা হয়েছে ।

আউটকাম : এর ফলে শিক্ষার্থীরা এই বৈচিত্র্যপূর্ণ সাহিত্য পাঠের মধ্য দিয়ে বাংলাদেশের সাহিত্য সম্পর্কে যেমন অনেক অনালোকিত বিষয় জানতে পারবে, ঠিক তেমনি এই কোর্সের মাধ্যমে তুলনায় কম চর্চিত শিশু-কিশোর সাহিত্য, গোয়েন্দা সাহিত্য, চরিত ও ভ্রমণ সাহিত্যের পাশাপাশি লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের সঙ্গেও পরিচিতি ঘটবে ।

# সেমিস্টার – ৬

## CC-13 : আধুনিক বাংলা কাব্য-কবিতা

অবজেক্টিভ : ঔপনিবেশিক আধুনিকতার সংস্পর্শে এসে আমাদের কাব্যে যে নবযুগের সঞ্চার হয়েছিল, তার বিভিন্ন পর্বকে পড়ুয়ারা অনুধাবন করতে পারবে এই কোর্সটির মাধ্যমে ।

আউটকাম : শিক্ষার্থীরা এখানে মধুসূদন থেকে শুরু করে রবীন্দ্রনাথ, নজরুল, জীবনানন্দ হয়ে সুভাষ মুখোপাধ্যায় এবং একেবারে সাম্প্রতিক কালের উত্তর-আধুনিক কবি অমিতাভ দাশগুপ্তের কবিতা সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারবে ।

## CC-14 : সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস

অবজেক্টিভ : বাংলা সাহিত্যের সামগ্রিক পরিচয় পাওয়ার পর শিক্ষার্থীরা সংস্কৃত, ইংরেজি এবং প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস সম্পর্কে প্রাথমিক পরিচয় লাভ করবে এবং সেই আলোকে বাংলা সাহিত্য সম্পর্কেও তার মূল্যায়ন আরো স্বচ্ছ হয়ে উঠবে ।

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

আউটকাম : শিক্ষার্থীরা এখানে বাংলা সাহিত্যের পাশাপাশি সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দী) সাহিত্য সম্পর্কেও সম্যক ধারণা পাবে ।

## General Course

বাংলা সাধারণ সিলেবাসেও ৬টি সেমিস্টার । যেখানে__________

ক) সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

খ) ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, ছন্দ ও অলঙ্কার

গ) বাংলা কাব্যকবিতা ও নাটক

ঘ) বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ

ঙ) সাহিত্যের রূপভেদ

চ) সাময়িক পত্র এবং

ছ) আরো নানা স্বাদের প্রবন্ধ পাঠ্য রয়েছে ।

অবজেক্টিভ : আধুনিক বাংলা সাহিত্য এবং তার পাশাপাশি ভাষাবিজ্ঞান ও সাহিত্যের একাধিক রূপভেদ গুলি পাঠদানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের বহুমাত্রিক চিন্তাচেতনার বিকাশ সাধনের চেষ্টা লক্ষ্য করা যাবে এই কোর্সগুলির মধ্য দিয়ে ।

আউটকাম : স্বাভাবিকভাবেই শিক্ষার্থীরা এখানে সমাজ বাস্তবতা সম্পর্কে যেমন সম্যক ধারণা পাবে, তেমনি ছন্দ-অলঙ্কার-কাব্যকবিতা-নাটক-কথাসাহিত্য ও প্রবন্ধ সম্পর্কেও নানাবিধ জ্ঞান অর্জন করতে পারবে ।

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

# Programme Outcomes (PO)

PO1 - Critical Thinking: Take informed actions after identifying the assumptions that frame our thinking and actions, checking out the degree to which these assumptions are accurate and valid, and looking at our ideas and decisions (intellectual, organizational, and personal) from different perspectives.

PO2 - Effective Communication: Speak, read, write and listen clearly in person and through electronic media in English and in one Indian language, and make meaning of the world by connecting people, ideas, books, media and technology.

PO3 - Social Interaction: Elicit views of others, mediate disagreements and help reach conclusions in group settings.

PO4 - Effective Citizenship: Demonstrate empathetic social concern and equity centred national development, and the ability to act with an informed awareness of issues and participate in civic life through volunteering.

PO5 - Ethics: Recognize different value systems including your own, understand the moral dimensions of your decisions, and accept responsibility for them.

PO6 - Environment and Sustainability: Understand the issues of environmental contexts and sustainable development.

PO7 - Self-directed and Life-long Learning: Acquire the ability to engage in independent and lifelong learning in the broadest context socio-technological changes.

# Programme Specific Outcomes (PSO)

PSO1 – It involves literary progress, reasoning with deep understanding.

PSO2 – Structuring a meaningful arguments and liberal mindset.

PSO3 – Realizing the basics of literature and properly criticize it by methods and theories.

PSO4 – Constructing the ideas of social development and changes.

PSO5 – Philosophically viewing knowledge with pace of thought process.

Giving an idea of Cultural Revolution, language, literature, heritage, history and ecopol

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

# Mapping Programme Outcome (PO) and Course Outcome (CO)

## Honours Course

| Course Outcome of | Program Outcome | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | PO1 Critical Thinking | PO2 Effective Communication | PO3 Social Interaction | PO4 Effective Citizenship | PO5 Ethics | PO6 Environment & Sustainability | PO7 Selfdirected and Lifelong Learning |
| CC1 | √ | √ | √ | | | √ | √ |
| CC2 | √ | √ | √ | √ | | √ | √ |
| CC3 | √ | √ | √ | √ | | √ | √ |
| CC4 | √ | √ | √ | | √ | √ | |
| CC5 | √ | √ | √ | √ | | | √ |
| CC6 | √ | √ | √ | | √ | | |
| CC7 | √ | √ | √ | | √ | √ | |
| CC8 | √ | √ | √ | √ | | √ | |
| CC9 | √ | √ | √ | | | √ | √ |
| CC10 | √ | √ | √ | | √ | | |
| CC11 | √ | √ | √ | √ | | √ | √ |
| CC12 | √ | √ | √ | | √ | √ | |
| CC13 | √ | √ | √ | | √ | √ | |
| CC14 | √ | √ | √ | √ | | √ | √ |
| SEC A2 | √ | √ | √ | | | √ | |
| SEC B2 | √ | √ | √ | | √ | √ | |
| DSE A1 | √ | √ | √ | √ | | √ | |
| DSE A4 | √ | √ | √ | √ | √ | √ | |
| DSE B1 | √ | √ | √ | | | √ | |
| DSE B4 | √ | √ | √ | | | √ | |

Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner

# Mapping Programme Outcome (PO) and Course Outcome (CO)

# General Course

| Course Outcome of | Program Outcome | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | PO1 Critical Thinking | PO2 Effective Communication | PO3 Social Interaction | PO4 Effective Citizenship | PO5 Ethics | PO6 Environment & Sustainability | PO7 Selfdirected and Lifelong Learning |
| CC1/GE1 | √ | √ | | | | √ | √ |
| CC2/GE2 | √ | √ | | √ | | √ | √ |
| CC3/GE3 | √ | √ | | √ | | √ | √ |
| CC4/GE4 | √ | √ | √ | | √ | √ | |
| SEC A2 | √ | √ | | | | | |
| SEC B2 | √ | √ | | | √ | √ | |
| DSE A1 | √ | √ | | √ | | √ | |
| DSE B2 | √ | √ | √ | | | √ | |



Teacher-In-Charge
Sagar Mahavidyalaya
Harinbari, Sagar, South 24 Pgs.

Scanned with OKEN Scanner